

## এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকা ২০২০ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এস ও এস হারম্যান মেইনার কলেজ ঢাকায় ২০২০ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ৫০ (পঞ্চাশ) টি আসনে লটারীর মাধ্যমে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। উক্ত লটারী ২ (দুই) স্তরে অনুষ্ঠিত হবেঃ

(১) প্রাথমিক লটারী এবং (২) চূড়ান্ত লটারী

০১। প্রাথমিক লটারীঃ

আবেদনপত্র জমার পর নির্ধারিত তারিখ ও সময়সূচী অনুযায়ী অভিভাবকদের উপস্থিতিতে প্রাথমিক লটারী অনুষ্ঠিত হবে।

০২। চূড়ান্ত লটারীঃ

প্রাথমিক লটারীর মাধ্যমে নির্বাচিত শিশুদের অভিভাবকসহ সাক্ষাৎকার এর জন্য নির্ধারিত তারিখে উপস্থিত থাকতে হবে। উক্ত সাক্ষাৎকারের পর নির্বাচিত শিশুদের অভিভাবকদের উপস্থিতিতে চূড়ান্ত লটারী অনুষ্ঠিত হবে। শুধুমাত্র চূড়ান্ত লটারীর মাধ্যমে নির্বাচিত শিশুরাই ১ম শ্রেণিতে ভর্তির জন্য বিবেচিত হবে।

আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্যঃ

০৩। ভর্তিচ্ছু শিশুর বয়স

ঃ ৬ + বৎসর (শিশুর জন্ম ২০১৩ সালের ১লা জানুয়ারী থেকে ২০১৩ সালের ৩১ ডিসেম্বর- এর মধ্যে হতে হবে)

০৪। ক) নিম্নলিখিত কোটা অনুযায়ী আসন নির্ধারণ করা হবে।

i) ক্যাচমেন্ট এলাকা	৪০% আসন সংখ্যা- ২০ টি
ii) মুক্তিযোদ্ধা পোষ্য	৫% আসন সংখ্যা- ০৩ টি
iii) শিক্ষা মন্ত্রনালয়	২% আসন সংখ্যা- ০১ টি
iv) লিল্লাহ বোর্ডিং	১% আসন সংখ্যা- ০১ টি
v) সাধারণ (কোটার বাইরে)	৪০% আসন সংখ্যা- ২০ টি
vi) গরিব পরিবার	১২% আসন সংখ্যা- ০৫ টি
মোট আসন সংখ্যা	৫০ টি

খ) আবেদনপত্রে ক্যাচমেন্ট এরিয়ার (৪ নং ওয়ার্ড, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন) কোটার জন্য CQ, মুক্তিযোদ্ধা কোটার জন্য FQ, শিক্ষা মন্ত্রনালয়ের কোটার জন্য EQ, লিল্লাহ বোর্ডিং এর কোটার জন্য LQ, সাধারণ ছাত্র-ছাত্রীদের (কোটার বাইরে) জন্য GQ, এবং গরিব পরিবারের কোটার জন্য PQ, উল্লেখ করতে হবে।

গ) সকল কোটায় আবেদন করার জন্য শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি এবং পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি সহ স্ব-স্ব/প্রযোজ্য ক্ষেত্রে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবেঃ

\* CQ এর জন্য ওয়ার্ড কাউন্সিলর এর প্রত্যয়ন পত্র এবং সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স এর সত্যায়িত কপি অথবা বাড়ির বিদ্যুৎ/পানি/টেলিফোন বিল এর সত্যায়িত কপি

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

- \* FQ এর জন্য মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি এবং বাবা ও মায়ের এস.এস.সি সনদের সত্যায়িত কপি
  - \* EQ এর জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অধঃস্তন দপ্তরসমূহ এবং উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীগণ শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক অনুবিভাগ থেকে প্রত্যয়নপত্র
  - \* LQ এর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সনদপত্র/প্রত্যয়ন পত্র
  - \* GQ এর জন্য শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি এবং পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি
  - \* PQ এর জন্য অভিভাবকের আর্থিক অস্বচ্ছলতার স্বপক্ষে প্রয়োজনীয় সনদপত্র
- ০৫। একজন শিক্ষার্থী শুধুমাত্র ১ টি কোটায় আবেদন করতে পারবে।
- ০৬। কোটা নির্বাচনে ভুল হলে পরবর্তীতে সংশোধনের কোন সুযোগ থাকবে না।
- ০৭। **CQ, FQ, EQ, PQ, LQ** তে উপযুক্ত শিক্ষার্থী না পাওয়া গেলে উক্ত আসন সমূহে **GQ** থেকে শিক্ষার্থী নির্বাচন করা হবে।
- ০৮। ভর্তির আবেদন ফরম বিতরণ : ২০ নভেম্বর (বুধবার), হতে ২৭ নভেম্বর (বুধবার) ২০১৯ (শুক্রবার ও সরকারী ছুটির দিন ব্যতীত) (সকাল ৯ টা হতে দুপুর ১টা পর্যন্ত) (শনিবার সকাল ৯ টা হতে দুপুর ১২ টা পর্যন্ত)
- ০৯। ভর্তির আবেদনের ফরম এর মূল্য : ২০০ (দুইশত টাকা)
- ১০। একজন অভিভাবককে একটির অধিক ভর্তির আবেদন ফরম দেয়া হবে না।
- ১১। ভর্তির আবেদন ফরমের সাথে ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি জমা দিতে হবে।
- ১২। ভর্তির আবেদন ফরম জমা : ২৮ নভেম্বর (বৃহস্পতিবার), হতে ০১ ডিসেম্বর (রবিবার) ২০১৯ (সকাল ৯ টা হতে দুপুর ১ টা পর্যন্ত) (শনিবার সকাল ৯ টা হতে দুপুর ১২ টা পর্যন্ত)
- ১৩। প্রাথমিক লটারী, সাক্ষাৎকার এবং চূড়ান্ত লটারীর তারিখ ও সময়সূচী প্রকাশ : ০৭ ডিসেম্বর ২০১৯ (শনিবার) দুপুর ১২ ঘটিকা।
- ১৪। প্রাথমিক লটারী : ০৮ ডিসেম্বর ২০১৯ (রবিবার)
- ❖ যেকোনো অসম্পূর্ণ ফরম বাতিল হিসেবে গণ্য হবে।

ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। অনিবার্য কারণবশত উক্ত সময়সূচী পরিবর্তন হতে পারে।

**বিশেষ দ্রষ্টব্যঃ** দরিদ্র পরিবারের মেধাবী শিক্ষার্থীরা বিনা বেতনে অধ্যয়নের সুযোগ পাবে।

কলেজ পরিচালনা পরিষদের ৮৪তম সভায় উক্ত ভর্তি সংক্রান্ত নীতিমালা অনুমোদিত হয়েছে।



প্রফেসর তসলিম উদ্দিন

অধ্যক্ষ

এসএস হারম্যান মেইনার কলেজ ঢাকা

ঢাকাঃ ১৪ নভেম্বর, ২০১৯